

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯০৪

১/ বিবিধ

আরবী

أوحى الله إلى ملك من الملائكة أن اقلب مدينة كذا وكذا على أهلها، قال: فقال: يا رب إن فيها عبدا لم يعصك طرفة عين، قال: اقلبها عليه وعليهم، فإن وجهه لم يتمعر في ساعة قط
ضعيف جدا

رواه ابن الأعرابي في "معجمه" (1 / 199) عن عبيد بن إسحاق العطار: أخبرنا عمار بن سيف - وكان شيخ صدق - عن الأعمش عن أبي سفيان عن جابر بن عبد الله مرفوعا. قلت: وهذا إسناد ضعيف جدا، عمار بن سيف أورده الذهبي في "الضعفاء"، وقال: "قال الدارقطني وغيره: متروك". قلت: وما وقع في هذا الإسناد أنه شيخ صدق، فمما لا قيمة له، لأن الظاهر أنه من قول الراوي عنه عبيد بن إسحاق العطار، قال الذهبي أيضا في "الضعفاء ضعفوه

বাংলা

১৯০৪। আল্লাহ্ তা'আলা ফেরেশতাদের মধ্য থেকে এক ফেরেশতার নিকট অহী করেন যে, অমুক অমুক শহরকে তুমি তার অধিবাসীদের উপরে উল্টিয়ে দাও। তিনি (রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন তখন সে বললঃ হে আমার প্রতিপালক! সেখানে তো এক বান্দা রয়েছে যে এক পলকের জন্যও তোমার নাফারমানী করেনি। তখন আল্লাহ্ বললেনঃ তুমি শহরটিকে তার এবং তাদের উপর উল্টিয়ে দাও। কারণ তার চেহারা আমার জন্য এক মুহুর্তের জন্যও পরিবর্তিত হয়নি।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ইবনুল আ'রাবী তার “মুজাম” গ্রন্থে (১/১৯৯) ওবায়দ ইবনু ইসহাক আত্তার হতে, তিনি আন্নার ইবনু সাইফ (তিনি সত্যবাদী শাইখ ছিলেন) হতে, তিনি আমাশ হতে, তিনি আবু সুফইয়ান হতে, তিনি জাবের ইবনু আব্দুল্লাহ্ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। আন্নার ইবনু সাইফকে হাফিয় যাহাবী "আয যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ দারাকুতনী প্রমুখ বলেনঃ তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছিঃ এ সনদে তিনি সত্যবাদী শাইখ ছিলেন এ কথা উল্লেখিত হয়নি। এর কোনই মূল্য নেই। বাহ্যিক অবস্থা হতে বুঝা যায় যে, এটি তার থেকে বর্ণনাকারী ওবায়দ ইবনু ইসহাক আত্তারের কথা। হাফিয় যাহাবীও “আযযুয়াফা” গ্রন্থে বলেছেনঃ তাকে মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72787>

📖 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন